



ইনকিলাব : ইসলামী আরবী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা এবং কওমী মাদ্রাসা সনদের স্বীকৃতির দাবীতে সর্বদলীয় ইসলামী ছাত্র ঐক্য আয়োজিত সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন নেতৃবৃন্দ

সংবাদ সম্মেলনে সর্বদলীয় ইসলামী ছাত্র ঐক্যের নেতৃবৃন্দ

আরবী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা ও কওমী সনদের স্বীকৃতি আন্দোলনের মাধ্যমে আদায় করা হবে

স্টাফ রিপোর্টার : সর্বদলীয় ইসলামী ছাত্র ঐক্য আহূত সাংবাদিক সম্মেলনে নেতৃবৃন্দ বলেছেন, এফিলিয়েটিং কমতাসম্পন্ন ইসলামী আরবী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা ও কওমী মাদ্রাসার সনদের স্বীকৃতির দাবী নিয়মতান্ত্রিক কৌশল

আদায় করা হবে। নেতৃবৃন্দ বলেন, যাদের কাছে অসি-আউলিয়া, আলেম-ওলামার মূল্যায়ন নেই তারা ই চায় না মাদ্রাসা শিক্ষার ফাজিল-কামিল পর্যায় টিকে থাকুক। তাদের ধারণা দাখিল-আলিম পাস করে কলেজ-বিশ্ববিদ্যালয়ে গেলেই সেসব ছাত্র তাদের

অনুসারী হবে। সর্বদলীয় ইসলামী ছাত্র ঐক্য মাদ্রাসা শিক্ষার অধিভুক্ত বিনামূলী ও চক্রান্ত কোনভাবেই মেনে নেবে না। নেতৃবৃন্দ বলেন, ইসলামী ছাত্র ঐক্যের দাবীর সাথে যে যা যা একমত পোষণ করবে তাদেরকে ইসলামী

সংবাদ সম্মেলনে সর্বদলীয় ইসলামী ছাত্র ঐক্য

১২-এর পৃষ্ঠার পর

ছাত্র ঐক্যের পক্ষ থেকে মোবারকবাদ জানানো হবে।

গতকাল (সোমবার) সকালে জাতীয় প্রেসক্লাবের হলকক্ষে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে ১১টি ইসলামী ছাত্র সংগঠনের সভাপতি ও সেক্রেটারীগণ উপস্থিত ছিলেন। প্রেসিডিয়াম সদস্যদের মধ্যে উপস্থিত ছিলেন- গোলাম মাহমুদ তুইয়া মাসিক, সভাপতি- ইসলামী ছাত্রসেনা, আহমদ হামান চৌধুরী শাহান, সভাপতি- তামানীয়ে ইসলামিয়া, মুহাম্মদ ওয়াদী উল্লাহ, সভাপতি- জমিয়তে আলাবাবে আরাবিয়া, মুহাম্মদ আবু সাঈদ নোমান, সভাপতি- ইসলামী ছাত্র মজলিস, মুহাম্মদ ফরুক ইসলাম, সভাপতি- খেলাফত ছাত্র আন্দোলন, এস এম সাগওয়াজ হোসেন, সাবেক কেন্দ্রীয় সভাপতি- ইসলামী ছাত্র শক্তি, মুহাম্মদ রোকুনুজ্জামান-সভাপতি- ইসলামী ছাত্র আন্দোলন, হাফেজ গোলাম মোস্তফা, সভাপতি- বাংলাদেশ ইসলামী ছাত্র পরিষদ, মুহাম্মদ আনোয়ার হোসাইন, সভাপতি- কুতেইব ফোরাম ওয়ায়দু রহমান বিক্রমপুরী, সাবেক কেন্দ্রীয় সভাপতি-ছাত্র হিফযুল্লাহ, আলহাজ্ব মইনুদ্দিন আল আহাদী, সভাপতি-জাকের পার্টি মাদ্রাসা ছাত্র ফ্রন্ট।

কার্যনির্বাহী সদস্যদের (সেক্রেটারী) মধ্যে উপস্থিত ছিলেন- এস এ কাদের আল হামান, সাধারণ সম্পাদক- তামানীয়ে ইসলামিয়া, মুহাম্মদ উমর চাকর, সেক্রেটারী জেনারেল ইসলামী ছাত্র মজলিস, আমিনুল ইকরাম প্রধান সম্পাদক, জালাবাবে আরাবিয়া, সুলতান মহিউদ্দিন সাধারণ সম্পাদক, খেলাফত ছাত্র আন্দোলন, আবদুল হাকীম সহ-সাধারণ সম্পাদক, ইসলামী ছাত্র সেনা, মুহাম্মদ আবদুল সালাম, সভাপতি, ইসলামী ছাত্র শক্তি ও মাওলানা মুহাম্মদ রহমত উল্লাহ, সাধারণ সম্পাদক, জাকের পার্টি মাদ্রাসা ছাত্র ফ্রন্ট। সাংবাদিক সম্মেলনে পিণ্ডিত বক্তব্য পাঠ করেন মুহাম্মদ ওয়াদী উল্লাহ। সাংবাদিকদের প্রশ্নের জবাব দেন বিভিন্ন নেতৃবৃন্দ।

সাংবাদিক সম্মেলনে নেতৃবৃন্দ বলেন, দেশের সকল আলেম-ওলামা, পীর-মাশায়খ মাদ্রাসার ছাত্র-শিক্ষক এবং ইসলামপ্রিয় জনতা ইসলামী আরবী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার দাবীতে একমত

পোষণ করেছেন। দেশের হাজার হাজার কওমী মাদ্রাসার লাখ লাখ ছাত্র-ছাত্রী দেশের বিভিন্ন পর্যায়ে গুরুত্বপূর্ণ অবদান রাখলেও তাদের সনদের স্বীকৃতি না দিয়ে তাদের জীবনকে অন্ধকারের দিকে ঠেলে দেয়া হচ্ছে। নেতৃবৃন্দ বলেন, এ দুটি দাবী মেনে না নিলে আগামীতে মোট সরকারকে কঠিন পরিস্থিতির মুহাম্মুখী হতে হবে। সাংবাদিক সম্মেলনে নেতৃবৃন্দ আরো বলেন, এ দুটি দাবী মেনে নেয়ার যোগ্য না নিলে সর্বদলীয় ছাত্র ঐক্য কঠিন কর্মসূচিতে যেতে বাধ্য হবে।

সাংবাদিক সম্মেলনে বলা হয়, আগামী ২৭ জুলাই বুধবার বিকেল ৪টাের ব্যাংকুল মোকাদ্দরন মসজিদের উত্তর গেটে বিক্ষোভ সমাবেশ থেকে পরবর্তী কঠিন আন্দোলনের কর্মসূচী ঘোষণা করা হবে।

সাংবাদিক সম্মেলনে নেতৃবৃন্দ সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন।

আপনারা ব্যানারে লিখেছেন সর্বদলীয় কিন্তু সব দলতো আসেনি, তাহলে কেন আপনারা সর্বদলীয় লিখেছেন। এ প্রশ্নের জবাবে নেতৃবৃন্দ বলেন, হ্যাঁ ২/৩টি সংগঠন এখনও আমাদের সাথে যোগ দেয়নি সত্য তবে তাদেরকে আমাদের সাথে আনয়নের প্রক্রিয়া চলছে। তারা আমাদের দাবী সমর্থন করেছে। সময়ের অভাবে সবার সাথে যোগাযোগ সম্ভব হয়নি। তবে যাদের সাথেই আমরা যোগাযোগ করছি তারা ইসলামীদের সাথে একাত্মতা ঘোষণা করেছেন। সরকার যদি ফাজিল ও কামিলের মান জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে দিয়ে দেয় তাহলে আপনারা কি করবেন। এ প্রশ্নের উত্তরে নেতৃবৃন্দ বলেন, আমরা তা মানব না। আমাদের দাবী মানা না হলে আমরা পর্যায়ক্রমে আন্দোলনে নেমে পড়ব। দাবী আদায় না হওয়া পর্যন্ত আমরা ঘরে ফিরব না।

আপনারা কি ইনকিলাবের পক্ষ থেকে ঐক্য করেছেন? এ প্রশ্নের জবাবে নেতৃবৃন্দ বলেন, আমরা কোন দল বা মতের পক্ষের নই। কেউ আমাদের সহযোগিতা করলে আমরা তাদের বাগত জানাব। কোন পত্রিকা আমাদের সহযোগিতা করলে তাকে বাগত জানানো হবে।